

## শাবিতে 'চেতনা ৭১' ভাঙ্কর্যের নামফলক ভাঙ্চুর : মানববন্ধনে শিবিরের হামলা

■ সিলেট ব্যুরো  
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'চেতনা ৭১' এর নামফলক ভাঙ্চুর করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার পত্রীর রাতে নামফলক ডুলে দুর্বৃত্তরা ফেলে দেয়। ঘটনার জন্য শিবিরকর্মীদের দায়ী করেছেন শাবি ছাত্রলীগের সভাপতি মঞ্জীবন চক্রবর্তী পান্ডা। তিনি জানান, মুজাপরাধীদের চপমান বিচার প্রক্রিয়া বাধাগ্রস্ত করতে স্বাধীনতা বিরোধী চক্র এ কাজ করেছে। এদিনই নামফলক ভাঙ্চুরের প্রতিবাদে, পতকাল গুরুবার বিকেলে অনুষ্ঠিত মানববন্ধনে হামলা করেছে শিবির। ওই সময় তারা গুলি ছোড়ে ও ককটেল নিক্ষেপ করে। তবে এতে কেউ আহত হয়নি।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, পতকাল বিকেলে 'চেতনা ৭১'-এর নামফলক ভাঙ্চুর করার প্রতিবাদে, স্মৃতিস্তম্ভের সামনে মানববন্ধন করেন শাবির ছাত্র-শিক্ষকরা। বিকেল ৫টায় শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ভারতক উদ্দিনের সভাপতিত্বে সমাবেশ চলাকালে পতাবাহক শিবিরকর্মী আমেদুল্লাহ, দা. হুসিফিক ও লাঠি নিয়ে হামলা করে। এ সময় ছাত্র-শিক্ষকরা জরতয় হয়ে যান। হামলাকালে ক্যাম্পাসে পুলিশ ছিল না বলে জানান ছাত্ররা।

শাবির প্রক্টর ড. হিমাদ্রি শেখর রায় সমকালকে জানান, তিনি ছুটিতে আকায় বিষয়টি পুরোপুরি অবগত নন। তবে সহকারী প্রক্টর নিলয় চন্দ্র সরকার হামলার বিষয়টি স্বীকার করে বলেন, শিবিরের কর্মীরা মানববন্ধনে হামলা করে। এ সময় তারা গুলি ও ককটেল ছোড়ে। তারা একটি মেটিরসাইফেল ও দুটি বাইসাইকেলে আত্মন দেয় বলেও তিনি জানান।